কারা উপ-মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট
ডকেট নং.....৫২৮.....তাং২৩-২-২০২৩
কারা উপ-মহাপরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক সংখ্যা-৫৮.০৪.০০০০.০২৯.০৫.০০৮.২০২৩-৫৬০

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **কর ব্যতীত রাজস্ব আয় (NTR ) সরকারের সঠিক খাতে জমা করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর ব্যতীত রাজস্ব (Non Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Revenue) বাজেট প্রাক্কলন সংক্রান্ত বিষয়ে গত ৯-২-২০২৩ তারিখ অর্থ মন্ত্রণালয়ের সাথে সুরক্ষা সেবা বিভাগের সকল ডিপার্টমেন্টের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কারাগারসমূহে কারা ঠিকাদারের লাইসেন্স এর বাৎসরিক নবায়ন ফি "১৪২২২০২-ফার্ম ও কোম্পানী নিবন্ধন ফি" তে জমা প্রদান না করে "১৪২২১৯৯- অন্যান্য লাইসেন্স ফি" খাতে জমা প্রদান করতে হবে মর্মে অবহিত করা হয়েছে।

২। কারাগারসমূহ হতে প্রতিমাসে আয় সংক্রান্ত যে তথ্য দেয়া হয় তার সাথে আইবাস রিপোর্টের মিল পাওয়া যায় না অর্থাৎ আইবাস রিপোর্টে কারাগার হতে প্রাপ্ত তথ্যের চেয়ে জমা কম অথবা কোন ক্ষেত্রে শুন্য দেখা যায়। আয়ের টাকা জমা প্রদান না করেই কারা অধিদপ্তরে প্রতিবেদন প্রদান করা হয় বিধায় আইবাস রিপোর্টের আলোকে প্রতীয়মান হয়।

৩। এখন থেকে কারা ঠিকাদারের লাইসেন্স এর বাৎসরিক নবায়ন ফি "১৪২২২০২-ফার্ম ও কোম্পানী নিবন্ধন ফি" এর পরিবর্তে "১৪২২১৯৯- অন্যান্য লাইসেন্স ফি" খাতে জমা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল। এ ছাড়া কারাগারের সকল আয় সংশ্লিষ্ট সঠিক খাতে সঠিক সময়ে জমা প্রদানের পর কারা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে যেন আইবাসের রিপোর্টে সঠিকভাবে প্রদর্শিত হয়।

১৯/২/২৩
শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৫৭৩০০২২২(দপ্তর)

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি**

কারা উপ মহাপরিদর্শক,
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

B-S